# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - পাণ্ডুলিপি, প্রামাণ্যতা ও অভ্রান্ততা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ২. ১৪. ৭. বাইবেল বিকৃতি সম্পর্কে বাইবেলের সাক্ষ্য

সম্মানিত পাঠক, আমরা দেখলাম, বাইবেল কখনোই নিজেকে অভ্রান্ত বলে দাবি করেনি। মজার বিষয় হল, বাইবেল নিজেই সাক্ষ্য দিয়েছে যে, লিপিকাররা বাইবেল বিকৃত করেছেন। বাইবেল বলছে: “কিন্তু আমার লোকেরা মাবুদের বিধান জানে না। তোমরা কেমন করে বলতে পার, আমরা জ্ঞানী এবং আমাদের কাছে মাবুদের শরীয়ত আছে? দেখ, আলেমদের (scribes: লিপিকারদের; কেরি: অধ্যাপকদের) মিথ্যা লেখনী তা মিথ্যা করে ফেলেছে। জ্ঞানীরা লজ্জিত হল, ব্যাকুল হল ও ফাঁদে ধরা পড়লো; দেখ, তারা মাবুদের কালাম অগ্রাহ্য করেছে, তবে তাদের জ্ঞান কি রকম? ... এজন্য আমি অন্য লোকদেরকে তাদের স্ত্রী এবং অন্য অধিকারীদেরকে তাদের ক্ষেত দেব; কেননা ক্ষুদ্র বা মহান সবারই লোভ আছে, নবী ও ইমামসুদ্ধ সমস্ত লোক প্রবঞ্চনায় রত।” (ইয়ারমিয়া ৮/৭-১০, মো.-১৩)

যিরমিয় ভাববাদী খ্রিষ্টপূর্ব ৬৫০ সালের দিকে জন্মগ্রহণ করেন এবং খ্রিষ্টপূর্ব ৫৮৬ সালে ব্যাবিলনের হাতে জেরুজালেমের পতনের কিছু পরে মৃত্যুবরণ করেন।[1] এভাবে আমরা দেখছি যে, খ্রিষ্টের জন্মের প্রায় ৬০০ বছর পূর্বেই যিরমিয় ভাববাদীর মাধ্যমে বাইবেলের বিকৃতি নিশ্চিত করা হয়েছে।

আমরা দেখেছি যে, বাইবেল সাধারণ মানুষদের পাঠ্য কোনো বই ছিল না। ধর্মগুরু বা আলিম লিপিকার বা অধ্যাপকরা (scribes) প্রয়োজনীয় ‘অনুলিপি’ বা কপি তৈরি করতেন এবং সেগুলো তাদের কাছেই সংরক্ষিত থাকত। যিরমিয় জানালেন যে, এসকল লিপিকারের মিথ্যা কলম (false pen) পাক কিতাবকে মিথ্যা বানিয়ে ফেলেছে। অর্থাৎ সংযোজন, বিয়োজন, পরিবর্তন ইত্যাদি বিকৃতির মাধ্যমে মূল বক্তব্যের অর্থ পরিবর্তিত হয়েছে এবং মিথ্যায় পর্যবসিত হয়েছে। উপরন্তু যিরমিয় নিশ্চিত করেছেন যে, নবী থেকে ধর্মগুরুরা সকলেই প্রবঞ্চনায় লিপ্ত।

সুস্পষ্ট এ ভাববাণী বা ভবিষ্যদ্বাণী যিরমিয়ের পূর্বের ও সমসাময়িক আলিম ও লিপিকারদের মত যিরমিয়র পরের প্রজন্মগুলোর জন্যও প্রযোজ্য। পরের যুগেও লিপিকাররা পবিত্র গ্রন্থ বিকৃত করবেন এবং নবী থেকে ইমাম বা যাজকরা সকলেই প্রবঞ্চনায় লিপ্ত হবেন বলে জানালেন তিনি। এজন্য বাইবেলকে অভ্রান্ত বলে দাবি করার প্রতিবাদে একজন বাইবেল গবেষক লেখেছেন: “The Bible itself warns against trusting the "Scribes", i.e. those who transcribed the sacred texts by hand, thousands of years before the first printing press was invented”

“বাইবেল নিজেই লিপিকারদের উপর আস্থা রাখার বিষয়ে সতর্ক করেছে। মুদ্রণ যন্ত্র আবিষ্কার হওয়ার আগে হাজার হাজার বছর যারা পবিত্র পুস্তকগুলো হাতে লেখে প্রতিলিপি করেছেন বাইবেল তাদের উপর নির্ভরতার বিরুদ্ধে সতর্ক করেছে।”[2]

## ফুটনোট

[1] Vawter, Rev. Bruce. "Jeremiah." Microsoft Student 2008 [DVD]. Redmond, WA: Microsoft Corporation, 2007.
[2] http://LiberalsLikeChrist.Org/inerrancy.html

Source — https://www.hadithbd.com/books/link/?id=13949

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন